

# দেশ রূপান্তর

তারিখ: ২২/০৮/২০২২ (গুহু ১১)

## ‘বঙ্গবন্ধু স্বাধীনতার স্মৃতি বাস্তবায়ন করেছেন’

### গাজীপুর প্রতিনিধি

যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মো. জাহিদ আহসান রাসেল এমপি বলেছেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান শুধু স্বাধীনতার স্মৃতি দেখেননি, সেই স্মৃতি বাস্তবায়নও করেছেন। তিনিই আমাদের একটি স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র দিয়েছেন। বর্তমানে বঙ্গবন্ধুর সুযোগ্য কল্যা, প্রধানমন্ত্রী জগন্নেত্রী শেখ হাসিনা এই স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র বাংলাদেশকে বিশ্বদরবারে মাথা ডুঁচ করে দাঁড়াতে শিখিয়েছেন। তার নেতৃত্বে দেশ এগিয়ে যাচ্ছে। বঙ্গবন্ধুর আদর্শ ও চেতনায় দেশকে একটি উন্নত রাষ্ট্রে পরিগত করতে হলে আমাদের সবাইকে শেখ হাসিনার নেতৃত্বে ঐক্যবন্ধনভাবে কাজ করতে হবে। জাতীয় শোক দিবস ও জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে গতকাল রবিবার বাংলাদেশ ধান গবেষণা ইনসিটিউটের (বি) উদ্যোগে দোয়া ও আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

গাজীপুরে বি সদর দপ্তরের মিলনায়তনে অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন বি'র মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর। বক্তব্য রাখেন বি'র পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আবু বকর ছিদ্রিক, পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান, খামার ব্যবস্থাপনা বিভাগের প্রধান মো. সিরাজুল ইসলাম প্রমুখ।